গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-সিলেট।
শুভেচ্ছা ৬২, হাউজিং এস্টেট, আম্বরখানা, সিলেট।
www.taxeszonesylhet.gov.bd

নথি নং-প্র-৩/ক:অ:-সিলেট/২০২০-২০২১/ তারিখ : ২৪/১২/২০২০ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অধিশাখা-২(কর) এর নথি নং- ০৮.০০.০০০০.০৩৭.১১.০২৯.১৭.৯৭, তারিখ: ২৬/০২/২০২০ইং অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে কর অঞ্চল-সিলেট এর শূন্য পদে বিধি মোতাবেক জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে সিলেট বিভাগের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সিলেট সিভিল ডিভিশনের (সিলেট বিভাগ) যে সকল জেলার বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১। | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১১<br>(১২,৫০০-৩০,২৩০/-) | ০১(এক) টি | (ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি (বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)।<br>(খ) কম্পিউটার অ্যাপটিচিউড পরীক্ষায় উত্তীর্ণ। | (ক) ০১ নং ক্রমিকে বর্ণিত পদে সিলেট ও মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন।<br>(খ) ০২ থেকে ০৭ নং ক্রমিকে বর্ণিত পদে সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন।<br>(গ) ০৮ নং ক্রমিকে বর্ণিত পদে সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন।<br>(ঘ) ০৯ নং ক্রমিকে বর্ণিত পদে সিলেট ও হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সিলেট বিভাগের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২। | সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>(১১,০০০-২৬,৫৯০/-) | ০৩(তিন) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>(খ) বাংলা ও ইংরেজি শর্ট হ্যান্ডে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ এবং কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে সর্বনিম্ন যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ হতে হবে।<br>(গ) কম্পিউটার বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ (স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনা সম্পর্কিত কোর্স)<br>(ঘ) **Word Processing** সহ **Email, Fax** ইত্যাদি পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৩। | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>(১০,২০০-২৪,৬৮০/-) | ১১(এগার)টি | (ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ (স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনা সম্পর্কিত কোর্স)<br>(গ) **Word Processing** সহ **Email, Fax** ইত্যাদি পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৪। | সাঁট -মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>(১০,২০০-২৪,৬৮০/-) | ০৮ (আট) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>(খ) বাংলা ও ইংরেজি শর্ট হ্যান্ডে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ এবং কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে সর্বনিম্ন যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ হতে হবে।<br>(গ) কম্পিউটার বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ (স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনা সম্পর্কিত কোর্স) | |
| ৫। | গাড়ী চালক<br>গ্রেড-১৬<br>(৯,৩০০-২২,৪৯০/-) | ০৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) হালকা ও ভারী যানবাহন চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী।<br>(গ) বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | |
| ৬। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>(৯,৩০০-২২,৪৯০/-) | ১১ (এগার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>(খ) **Word Proccessing/Data Entry/typing** ইত্যাদি ক্ষেত্রে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ও ইংরেজি যথাক্রমে ২০ ও ২০ শব্দ হতে হবে। | |
| ৭। | নোটিশ সার্ভার<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০/-) | ১৫(পনের) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । | |
| ৮। | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০/-) | ১৪ (চৌদ্দ) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৯। | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০/-) | ০৪(চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী। | |

অন্যান্য শর্তাবলি :-

১. ২৫.০৩.২০২০ ইং তারিখে সাধারণ প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের বয়সসীমা সর্বোচ্চ ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে। সরকার কোটা বিষয়ে যেরূপ সিদ্ধান্ত গ্রহণ করবেন নিয়োগ প্রক্রিয়া সেভাবে সম্পন্ন হবে।

৪. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না।

৫. এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৬. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কর অঞ্চল-সিলেট **www.taxeszonesylhet.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

৭. উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৮. নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯. সার্টিফিকেট, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্মস্থান সংক্রান্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-ক থেকে ঝ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১টি করে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

ঘ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতার পিতা-মাতা/মাতার পিতা-মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র;

ঙ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যা হলে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র;

চ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ছ. ক্রমিক নং-৫ এ বর্ণিত গাড়ী চালক পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি;

জ. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি; এবং

ঝ. অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (**Applicant's Copy**)।

১০. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি নিম্নোক্ত পদ্ধতিতে **http://syltax.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন:

(i) আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৯/১২/২০২০ ইং, সকাল ১০.০০ ঘটিকা।

(ii) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৮/০১/২০২১ ইং, বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে **User ID** প্রাপ্ত প্রার্থীগণ আবেদনপত্র দাখিল এর সময় থেকে ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে **SMS** এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ **pixel**) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ **pixel**) স্ক্যান করে নির্ধারিত স্থানে **Upload** করবেন।

(গ) আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: অনলাইনে আবেদনপত্র (**Application Form**) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর **Upload** করে আবেদনপত্র **Submi:** করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ **Application Preview** দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন হলে প্রার্থী একটি **User ID**, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি **Applicant's copy** পাবেন। উক্ত **Applicant's copy** প্রার্থী **Download** পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। **Applicant's copy** তে একটি **User ID** নম্বর দেয়া থাকবে এবং **User ID** নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন **teletalk Pre-paid mobile** নম্বরের মাধ্যমে ০২(দুই) টি **SMS** করে আবেদন ফি বাবদ ১-৬ নং ক্রমিকের জন্য ১০০/-(একশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা সহ মোট ১১২/- টাকা এবং ৭-৯ নং ক্রমিকের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬/- টাকা সহ মোট ৫৬/- টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, " আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

আবেদন গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রার্থী লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। একই প্রবেশপত্র দিয়ে লিখিত এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম প্রবেশপত্রে উল্লেখ থাকবে।

প্রথম **SMS: SYLTAX<space> User ID** লিখে **Send** করতে হবে **16222** নম্বরে।
**Example: SYLTAX ABCDEF**

**Reply : Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee type SYLTAX<space>Yes<space>PIN and send to 16222** নম্বরে।

দ্বিতীয় **SMS: SYLTAX<space> Yes<space>PIN and send** করতে হবে **16222** নম্বরে।
**Example: SYLTAX Yes 12345678**

**Reply : Congratulations Aplicant's Name. Paymen: Completed Successfully for SYLTAX Application for (post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)**।

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://syltax.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে **SMS** এর মাধ্যমে (কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইনে আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, **SMS** পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর , পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**(i) User ID জানা থাকলে SYLTAX<space>Help<space>User<space>User ID & Send to 16222.**
**Example: SYLTAX Help User ABCDEF.**

**(ii) Pin Number জানা থাকলে SYLTAX<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.**
**Example: SYLTAX Help PIN 12345678.**

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা syltax.recruitment@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(Mail এর subject-এ Organization Name: **SYLTAX** Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-সিলেট
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-সিলেট।